ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩৪৯
মোহনপুর, ২২ অক্টোবর, ২০২৫

**৫ নভেম্বর থেকে তিন দিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা**

আগামী ৫-৭ নভেম্বর রাসপূর্ণিমা তিথি উপলক্ষ্যে ৩ দিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা অনুষ্ঠিত হবে। আজ ব্রহ্মকুন্ড গ্রাম পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণে এ উপলক্ষ্যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা, টিটিএএডিসি-র কার্যনির্বাহী সদস্য (শিক্ষা) রবীন্দ্র দেববর্মা, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, হেজামারা বিএসি'র চেয়ারম্যান সুনীল দেববর্মা ও ভাইস চেয়ারম্যান নীহার দেববর্মা, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সজল দেবনাথ ও অতিরিক্ত মহকুমা শাসক ধৃতি শেখর রায়, মোহনপুর মহকুমা পুলিশ আধিকারিক সব্যসাচী দেবনাথ, পশ্চিম জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহকারি অধিকর্তা মনোজ দেববর্মা, সমাজসেবী বিনোদ দেববর্মা প্রমুখ।

সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ৩ দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। তাছাড়া মেলা উপলক্ষ্যে বিভিন্ন দপ্তর ও স্বসহায়ক দলের পক্ষ থেকে প্রদর্শনী মন্ডপ খোলা হবে। মেলায় দোকান খোলার জন্য আগামী ২৮ থেকে ৩০ অক্টোবর পর্যন্ত নাম নথিভুক্ত করা হবে। আগামী ১,২ ও ৩ নভেম্বর লটারীর মাধ্যমে দোকান ভিটি বন্টন করা হবে। সভায় ব্রহ্মকুন্ড মেলাকে সফল করে তোলার জন্য একটি পরিচালন কমিটি ও বিভিন্ন সাব কমিটি গঠন করা হয়েছে। সভায় শিল্প বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা মেলাকে সফল করে তোলার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া সভায় পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল মেলা কিভাবে সফল করে তোলা যায় এবিষয় নিয়ে আলোচনা করেন।

******